গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৭৬.২৭.০০৭.২২-১৩৩ তারিখ: ২৭.০৩.২০২৩ খ্রি.

**বিষয় : তথ্য অধিকার আইন, ২০০৯ এর আপীল আবেদন ফরম 'গ' অনুযায়ী তথ্য প্রদান প্রসংগে।**

সূত্র : জনাব একরামুল হক, সম্পাদক, সাপ্তাহিক শীর্ষকাগজ এর নং-নাই, তারিখঃ ১৫/০২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব একরামুল হক, সম্পাদক, সাপ্তাহিক শীর্ষকাগজ, ২২৬, বড়বগবাজার রমনা, ঢাকা তথ্য অধিকার আইন ২০০৯ এর তথ্য প্রাপ্তির আবেদনপত্র ফরম 'ক' অনুযায়ী ডা. শাহ্ আলী আকবর আশরাফী, প্রধান এইচআইইউ, এমআইএস ও প্রধান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর নিকট তথ্য চেয়ে আবেদন করেন। কিন্তু তার চাহিত তথ্যাদি না পাওয়ায় তিনি স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় বরাবর আপীল আবেদন ফরম 'গ' অনুযায়ী আপীল করেন। তথ্য অধিকার আইন, ২০০৯ এর অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লেখ রয়েছে-''আপীল কর্তৃপক্ষ উপ-অনুচ্ছেদ (১) বা (২) এর অধীন আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে (ক) ''আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন' ' ।

০২। এমতাবস্থায়, জনাব একরামুল হক, সম্পাদক, সাপ্তাহিক শীর্ষকাগজ, ২২৬, বড়বগবাজার রমনা, ঢাকা হতে প্রাপ্ত আপীল আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র ডা. শাহ্ আলী আকবর আশরাফী, প্রধান, এইচআইইউ, এমআইএস ও প্রধান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর নিকট প্রেরণ করে আবেদন পত্রের আলোকে চাহিত তথ্যাদি তথ্য অধিকার আইন মোতাবেক যে সব স্পর্শকাতর ডকুমেন্ট প্রদানযোগ্য নহে সে বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্য প্রদানযোগ্য হলে বিধি মোতাবেক আগামী ১৫(পনের) দিনের মধ্যে আবেদনকারীর নিকট সরবরাহ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০৩(তিন) পাতা।

(এস এম জাহাঙ্গীর হোসেন)
উপসচিব
ফোনঃ ৫৫১০১২৫৭

ডা. শাহ্ আলী আকবর আশরাফী,
প্রধান এইচআইইউ,
এমআইএস ও প্রধান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**অনুলিপি :**

১। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জনাব একরামুল হক, সম্পাদক, সাপ্তাহিক শীর্ষকাগজ, ২২৬, বড়বগবাজার রমনা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।